আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**27 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাকুম্ভকে ঐক্যের মহাযজ্ঞ বলে অভিহিত করে এবারের কুম্ভকে সত্যিকার অর্থে অভিনব হয়েছে বলে মন্তব্য/

(২) এডভান্টেজ আসামের সফল সমাপ্তির পর রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার ভূটানের মন্ত্রী ও বিশ্বব্যাংকের ভারতের সঞ্চালকের সঙ্গে আলোচনা/

(৩) রাষ্ট্রপতি শাসন জারির পর মণিপুরে বেশকয়েকটি উগ্রপন্থী সংগঠনের অস্ত্রশস্ত্র সহ আত্মসমর্পণ/

এবং

(৪) ইউটিউবার আশিস চঞ্চলানিকে আজ আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার জিজ্ঞাসাবাদ/হাইলাকান্দির সমাজ কল্যাণ বিভাগের কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে ম্যাজিস্ট্রেট পর্যায়ের তদন্তের ঘোষণা/

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহাকুম্ভকে ঐক্যের মহাযজ্ঞ বলে অভিহিত করেছেন । তিনি বলেন যে- দেশ নিজের ঐতিহ্যকে নিয়ে গৌরব বোধ করে এবং নতুন শক্তিতে ভবিষ্যতের পথে এগিয়ে যাচ্ছে । সামাজিক মাধ্যমের এক বার্তায় এইকথা প্রকাশ করে শ্রী মোদী বলেন যে- দেশের ভবিষ্যত গড়ে তোলার লক্ষ্যে পরিবর্তনের সূচনা হয়ে

গেছে । মহাকুম্ভে বিশাল সংখ্যক ভক্তের অংশগ্রহণের বিষয়টিকে শুধুমাত্র একটি রেকর্ড হিসেবে না দেখে এর মাধ্যমে ভারতবর্ষের শতাব্দী প্রাচীন বর্ণাঢ্য ঐতিহ্য এবং সংস্কৃতির শক্তিশালী ভিত্তির কথা প্রতিস্থাপন করা সম্ভব হয়েছে । মহাকুম্ভের সফল সমাপ্তিতে সন্তোষ প্রকাশ করে শ্রী মোদী জনসাধারণের প্রচেষ্টা, কঠোর পরিশ্রম ও তাদের সঙ্কল্পের প্রশংসা করেন । তিনি বলেন- বিগত ৪৫ দিনে প্রয়াগরাজে বিপুল সংখ্যক ভক্তের সমাবেশ ১৪০ কোটি ভারতীয়র বিশ্বাসকে প্রতিফলিত করেছে । সমাজের সকল শ্রেণীর লোকেদের যোগদানের মাধ্যমে এই মহাকুম্ভ এক অভিনব রূপ পেয়েছে বলেও তিনি মত প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

আর্ন্তজাতিক প্রেক্ষাপটে দেখা দেওয়া বিভিন্ন প্রত্যাহ্বান মোকাবিলা করে ভারত বিকাশের পথে অগ্রসর হচ্ছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ জানিয়েছেন । নতুনদিল্লিতে আজ এক সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে শ্রীমতি সীতারমণ বলেন যে- নতুন আর্ন্তজাতিক ব্যবস্থায় বাণিজ্য এবং প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে এবং ভারতেকে এতে অংশগ্রহণ করতে হবে। তিনি আরো বলেন যে- মধ্যবিত্ত, দুঃস্থ এবং উদ্যমী শ্রেণীর আশা আকাঙ্খা পূরণের জন্য বেশকিছু মৌলিক বিষয়ে কাজ করার প্রয়োজন রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

এডভান্টেজ আসাম'এর দ্বিতীয় সংস্করণের সফল সমাপ্তির পর আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ বেশকয়েকজন বিশিষ্ট অতিথির সঙ্গে আলোচনায় মিলিত হয়েছেন । ডঃ শর্মা আজ সকালে ভূটানের কৃষি ও পশুপালন মন্ত্রী ইউনটেন ফুন্টশো'র সঙ্গে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন । উভয় নেতাই কৃষি, বাণিজ্য, পর্যটন, শিক্ষা এবং বিদ্যুৎ ক্ষেত্রে আরো বেশি উন্নয়নের জন্য আসাম ও ভূটানের মধ্যে সহযোগিতা শক্তিশালী করার বিষয়ে আলোচনা করেছেন । মুখ্যমন্ত্রী একইসঙ্গে বিশ্বব্যাংক- ভারতের সঞ্চালক ডঃ অগাস্ট তানু কৌয়াম'এর সঙ্গে বৈঠকে মিলিত হন । বৈঠকে রাজ্যে প্লাগ এন্ড প্লে শিল্প উদ্যানের পরিকাঠামো নির্মাণ, কৃষি ও আনুষঙ্গিক ক্ষেত্রসমূহকে অগ্রাধিকার দেওয়া ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে, দ্বিতীয় এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এডভান্টেজ আসামের প্রদর্শনী আজ থেকে আগামী শনিবার পর্যন্ত সাধারণ দর্শকের জন্য খুলে দেওয়া হয়েছে । এই বিনিয়োগ সম্মেলনে মোট সাড়ে চার লক্ষ কোটি টাকারও বেশি বিনিয়োগের প্রতিশ্রুতি পাওয়া

গেছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানান । এরমধ্যে আড়াই লক্ষ কোটি টাকা ব্যয় সাপেক্ষে প্রায় ২৭০ টি সমঝোতা চুক্তি ইতিমধ্যে স্বাক্ষর করা হয়েছে বলে মূখ্যমন্ত্রী জানান ।

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীয়ুষ গোয়েল গতকাল সমাপ্তি অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যৌথ প্রচেষ্টায় আসামের চা শিল্পের উন্নয়নে জন্য প্রকল্প গ্রহণ করা হবে বলে মন্তব্য করেন । বিনিয়োগ সম্মেলন রাজ্যের পর্যটন ক্ষেত্রকে উন্নতির ক্ষেত্রে এগিয়ে নিয়ে যাবে বলে কেন্দ্রীয় মন্ত্রী জানান । এবারের বাজেটে ঘোষণা করা ৫০ টি নতুন পর্যটন স্থান এবং ১০ টি শিল্প হাবের ক্ষেত্রে আসাম অগ্রাধিকার পাবে বলে শ্রী গোয়েল বিনিয়োগ সম্মেলনের সমাপ্তি অনুষ্ঠানে ঘোষনা করেন ।

দ্বিতীয় এডভান্টেজ আসাম বিনিয়োগ সম্মেলনে রাজ্যের ৩৫ টি জেলায় মোট ৫ হাজার ৮৫১ কোটি টাকার সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করা হয় ।

---

রাজ্যের অভ্যন্তরীণ জল পরিবহণ ও জলপথের পরিকাঠামো উন্নয়নের জন্য আগামী পাঁচ বছরে চার হাজার ৮০০ কোটির বেশি টাকা বিনিয়োগ করা হবে । কেন্দ্রীয় বন্দর, জাহাজ পরিবহণ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এডভান্টেজ আসামের সম্মেলনে একথা জানিয়ে বরাক ও ব্রহ্মপুত্র সহ আসামের নদীগুলির সঙ্গে রাজ্যের অভ্যন্তরীণ জলপথগুলির সংযোগ সৃষ্টি হলে তা রাজ্যের অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।

---

ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত হওয়া রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে আজীবন নিষেধাজ্ঞার বিরোধিতা করে কেন্দ্রীয় সরকার সুপ্রীমকোর্টে একটি শপথনামা দাখিল করেছে । এই শপথনামায় সরকার এধরণের দোষী সাব্যস্ত হওয়া নেতাদের বিরুদ্ধে বর্তমানে ছ’বছরের নিষেধাজ্ঞাই যথেষ্ট বলে উল্লেখ করেছে । উল্লেখ্য- ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত হওয়া নেতাদের বিরুদ্ধে নির্বাচনে প্রতিদ্বন্দিতা করার ক্ষেত্রে আজীবন নিষেধাজ্ঞা আরোপের জন্য সুপ্রীমকোর্টে একজন আইনজীবি একটি জনস্বার্থজনিত আবেদন দাখিল করেছিলেন । এই আবেদনে দোষী সাব্যস্ত নেতাকে নির্বাচনে প্রতিদ্বন্দিতা করার ক্ষেত্রে আজীবন নিসেধাজ্ঞা আরোপ করা সহ দেশের সাংসদ ও বিধায়কদের বিরুদ্ধে বিচারাধীন মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ জানানো হয়েছিল । এই আবেদন সম্পর্কে বিচারপতি দীপঙ্কর দত্ত এবং বিচারপতি মনমোহনের বিচারপীঠ দুসপ্তাহ আগে কেন্দ্রীয় সরকারকে নোটিশ জারি করেছিল । এই আবেদনের

বিরোধিতা করে সুপ্রীমকোর্টে দাখিল করা শপথনামায় কেন্দ্রীয় সরকার এই আবেদনের অনুরোধকে পুনরায় আইন প্রণয়ন করা অথবা সংসদে বিশেষধরণের আইন প্রণয়ন করার নির্দেশ দেওয়ার সমান বলে উল্লেখ করা হয়েছে । কেন্দ্রীয় সরকার এধরণের যোগ্যতা নির্ণয়ের অধিকার কেবলমাত্র সংসদের আছে বলে মন্তব্য করেছে । নির্বাচনে প্রতিদ্বন্দিতা করার ক্ষেত্রে আজীবন নিষেধাজ্ঞা আরোপ করার বিষয়টি বেশি কঠোর শাস্তি হবে বলে সরকারের পক্ষ থেকে মত প্রকাশ করা হয়েছে । কেন্দ্রীয় সরকার বলেছে যে- শাস্তি কার্যকর হওয়ার সময়সীমা নির্ধারণ অসাংবিধানিক নয় । এবং এর দ্বারা আইন মেনে চলার বিষয়টিকেই সূচিত করে ।

---------------------------------------------------------------------------------------

মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি হবার পর বেশকয়েকটি উগ্রপন্থী সংগঠন নিরাপত্তা বাহিনীর কাছে অস্ত্র-শস্ত্র  সহ আত্মসমর্পণ করেছে । মণিপুরের রাজ্যপাল অজয় কুমার ভাল্লা সাতদিনের মধ্যে উগ্রপন্থী সংগঠনগুলিকে মজুত থাকা অস্ত্র-শস্ত্র পুলিশ প্রশাসনকে তুলে দেবার নির্দেশ দেবার পর গতকাল অস্ত্র-শস্ত্র সহ ৮৭ জন উগ্রপন্থী আত্মসমর্পণ করেছে । উল্লেখ্য রাজ্যের মূখ্যমন্ত্রী এন বীরেন সিং পদত্যাগ করার পর বিজেপি মূখ্যমন্ত্রী পদের নতুন প্রার্থী নির্বাচন না করতে পারার জন্য গত ১৩ ফেব্রুয়ারী রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছিলো ।  এরপর রাজ্যপাল শ্রী ভাল্লা অস্ত্র-শস্ত্র জমা দেবার সময়সীমা নির্ধারণ করে দিয়েছিলেন। এই সময়ের মধ্যে অস্ত্র-সম্বরণ করলে কোনোধরণের মামলা রুজু করা হবেনা বলেও তিনি উল্লেখ করেছিলেন । রাজ্যপাল এই সময়ে অস্ত্র-সম্বরণ না করলে সাতদিন পর নিরাপত্তা বাহিনী অস্ত্রের সন্ধানে অভিযান চালাবে বলেও সতর্ক করে দিয়েছিলেন ।

---------------------------------------------------------------------------------------

সামাজিক মাধ্যমে অশোভন মন্তব্য করা ইউটিউবার আশিস চঞ্চলানিকে আজ আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখা (সি আই ডি) জেরা করেছে । চঞ্চলানি আজ তার আইনজীবি সহ গুয়াহাটি পানবাজারের সি আই ডি থানায় হাজির হওয়ার পর সংশ্লিষ্ট তদন্তকারী আধিকারিক মামলা সংক্রান্ত বিষয়ে এই ইউটিউবারকে জিজ্ঞাসাবাদ করেন । উল্লেখ্য- শ্রী চঞ্চলানি ইউটিউবের এক অনুষ্ঠানে কিছু আশালীন মন্তব্য করেছিলেন । এই সম্পর্কে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নির্দেশে অপরাধ অনুসন্ধান শাখা আশিস চঞ্চলানি সহ অন্য চারজন ইউটিউবারের বিরুদ্ধে মামলা দায়ের করে । সি আই ডি'র একটি দল ইতিপূর্বে মুম্বাই গিয়ে ঘটনার তদন্ত করে এদের বিরুদ্ধ সমন জারি করে । তবে এই মামলায় গৌহাটি হাইকোর্ট অভিযুক্ত চঞ্চলানির জামিন মঞ্জুর

দিয়েছিল । আজ জেরার শেষে মুম্বাই ফিরে যাওয়া চঞ্চলানিকে প্রয়োজন সাপেক্ষে পুনরায় তলব করা হবে বলে যুগ্ম পুলিশ কমিশনার অঙ্কুর জৈন জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জেলা সমাজ কল্যান বিভাগের পোষন অভিযানের জেলা সমন্বয়ক চুক্তিভিত্তিক কর্মচারী রজত চক্রবর্তীর বিরুদ্ধে ম্যাজিষ্ট্রেট পর্যায়ের তদন্ত ঘোষনা করেছেন । সারা আসাম ছাত্র সংস্থা , আসুর অভিযোগের ভিত্তিতে জেলা আয়ুক্ত এই নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য, আসুর হাইলাকান্দি শাখার পক্ষ থেকে রজত চক্রবর্তী এম এস কে তহবিলের প্রায় ৯০ লক্ষ টাকা সহ বেশ কয়েকটি প্রকল্পের অর্থ আত্মসাৎ করার অভিযোগ করা হয়েছে । এছাড়া শ্রী চক্রবর্তী দরপত্র প্রক্রিয়া এড়িয়ে আত্মীয়কে ভেন্ডার হিসেবে নিযুক্ত করে নিম্নমানের সামগ্রী সরবরাহ করিয়েছেন বলেও অভিযোগ রয়েছে। জেলা আয়ুক্ত শ্রী হিভারে এই দূর্নীতির ম্যাজিষ্ট্রেট পর্যায়ের তদন্ত করতে অতিরিক্ত আয়ুক্ত লাইর হলু খেনতেকে দায়িত্ব দিয়েছেন এবং দ্রুত তদন্ত শেষ করে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

অসম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের হাইলাকান্দি জেলা শাখার লালা উন্নয়ন খন্ডের অধীন আত্ম সহায়ক গোষ্ঠীর মহিলারা সোয়া পনির উৎপাদন ইউনিট গড়ে তুলেছেন । এই ইউনিটের  প্রতিদিন প্রায় একশ কিলোগ্রাম সোয়া পনির উৎপাদন করার ক্ষমতা রয়েছে । অসম গ্রামীন জীবিকা মিশনের হাইলাকান্দি জেলা প্রকল্প ব্যবস্থাপক সৌমিত্র দে আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন যে ইউনিটে উৎপাদিত সোয়া পনিরের নাম টোফু রাখা হয়েছে । টোফু বাজারের প্রচলিত পনিরের তুলনায় অনেক বেশী পুষ্টিকর । এতে প্রোটিনের মাত্রা বেশি এবং ফ্যাটের মাত্রা অত্যন্ত কম । শ্রী দে আরো জানান যে লালার চারটি গ্রাম পঞ্চায়েতের প্রায় ছয় হাজার মহিলা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই প্রকল্পের সঙ্গে যুক্ত রয়েছেন । উৎপাদিত পণ্য বাজারজাত করতে আত্ম-সহায়ক গোষ্টীর সদস্যদের সক্রিয় ভূমিকা থাকবে বলে শ্রী দে জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------